# চা শিল্পের উন্নয়নে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রধানমন্ত্রীর




প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

দেশের চা শিল্পের উৎপাদন সক্ষমতা বাড়ানো, বিকাশ ত্বরান্বিত করা এবং দীর্ঘদিনের সমস্যা সমাধানে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

রোববার (২৬ জুলাই) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে চা শিল্পের উন্নয়ন নিয়ে আয়োজিত এক সভায় তিনি এ আশ্বাস দেন।

সভায় দেশের বিভিন্ন চা বাগানের মালিক ও সংশ্লিষ্ট প্রতিনিধিরা শিল্পের বর্তমান পরিস্থিতি প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন। এ সময় উৎপাদন ব্যয় বৃদ্ধি, অর্থায়ন সংকট, জ্বালানি খরচ এবং আন্তর্জাতিক বাজারে প্রতিযোগিতায় টিকে থাকার মতো বিভিন্ন চ্যালেঞ্জের কথা তুলে ধরা হয়। পাশাপাশি চা শিল্পের টেকসই উন্নয়নে বেশ কিছু দাবি ও প্রস্তাবও উপস্থাপন করেন তারা।

প্রধানমন্ত্রী উপস্থিত সবার বক্তব্য মনোযোগ দিয়ে শোনেন। তিনি চা শিল্পকে দেশের অর্থনীতির গুরুত্বপূর্ণ একটি খাত হিসেবে উল্লেখ করে বলেন, এ শিল্পের উন্নয়নে সরকার প্রয়োজনীয় নীতিগত, আর্থিক ও প্রাতিষ্ঠানিক সহায়তা দেবে।

LENS ASIA

এ সময় চা বাগান মালিকদের বিদ্যমান ঋণের দায় সহজীকরণ এবং স্বল্প সুদে ঋণ দেওয়ার আশ্বাস দেন প্রধানমন্ত্রী। পাশাপাশি চা বাগানে চাষের অনুপযোগী জমিতে সৌরবিদ্যুৎ উৎপাদনের সুযোগ দেওয়ার বিষয়টি ইতিবাচকভাবে বিবেচনার কথা জানান তিনি। নবায়নযোগ্য জ্বালানি প্রকল্প বাস্তবায়নেও প্রয়োজনীয় আর্থিক সহযোগিতা দেওয়ার আশ্বাস দেন প্রধানমন্ত্রী।

চা শিল্পের বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করে কার্যকর সমাধানের উদ্যোগ নিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ এবং চা শিল্পের প্রতিনিধিদের সমন্বয়ে একটি কমিটি গঠনের নির্দেশও দেন প্রধানমন্ত্রী।